



জেলা পরিষদ কার্যালয়

মেহেরপুর


(www.zpmeherpur.gov.bd)

স্মারক নং-জেপ/মেহের/প্রকৌঃ/২০২৪-২৪৭

তারিখ : ২৬-১১-২০২৪ খ্রি:।

মেহেরপুর জেলা পরিষদের মালিকানাধীন ০১টি মেহগনি ও ০১টি রেইনট্রি কডুই দন্ডায়মান গাছ এবং অফিস চত্বরে ও বিভিন্ন স্থানে রক্ষিত ঝড়ে পড়া, মরা গাছের লগ বিক্রয়ের দরপত্র বিজ্ঞপ্তি নং- ০১/২০২৪-২০২৫

এতদ্বারা সর্ব সাধারণের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, (ক) মেহেরপুর জেলা পরিষদের মালিকানাধীন রাস্তায় আলমপুর সেতুর এ্যাপ্রোচ সংলগ্ন গাংনী উপজেলা প্রান্তে একটি মেহগনি ও কেদারগঞ্জ মার্কেটের সম্মুখে একটি রেইনট্রি কডুই দন্ডায়মান গাছ আছে। (খ) মেহেরপুর জেলা পরিষদের অফিস চত্বরে, বিভিন্ন স্থানে রক্ষিত গাছের লগ ও মেহেরপুর সরকারি হাসপাতালের সামনে মেহেরপুর জেলা পরিষদের মালিকানাধীন রাস্তায় ০৪(চার)টি বুকিপূর্ণ মরা দন্ডায়মান গাছ আছে। ০২টি গ্রুপে গাছের লগ বিক্রয়ের জন্য অত্রাফিস হতে সরবরাহকৃত দরপত্র ফরমে সীলমোহরকৃত মুখবন্ধ খামে দরপত্র আহবান করা যাচ্ছে। সকল ক্ষেত্রে " The public Procurement এর বিধান প্রযোজ্য হবে। দরপত্র সিডিউল আগামী ১১-১২-২০২৪ তারিখ অফিস চলাকালীন সময় পর্যন্ত প্রতিটি গ্রুপের সিডিউল ফরম নগদ ১,০০০/- টাকা (অফেরত যোগ্য) মূল্যে (১) জেলা প্রশাসকের কার্যালয়, মেহেরপুর (স্থানীয় সরকার শাখা) (২) জেলা পরিষদ কার্যালয়, মেহেরপুর (৩) নির্বাহী প্রকৌশলীর কার্যালয়, এলজিইডি, মেহেরপুর (৪) উপজেলা নির্বাহী কর্মকর্তার কার্যালয়, মেহেরপুর সদর/গাংনী ও মুজিবনগর হতে ক্রয় করা যাবে। দরপত্র আগামী ১২-১২-২০২৪ তারিখ বেলা ১.০০ ঘটিকা পর্যন্ত (১) জেলা প্রশাসকের কার্যালয়, মেহেরপুর (স্থানীয় সরকার শাখা) (২) জেলা পরিষদ কার্যালয়, মেহেরপুর (৩) পুলিশ সুপার কার্যালয়, মেহেরপুর এ রক্ষিত বাক্সে গ্রহণ করা হবে এবং ঐ দিনই বেলা ৩.০০ ঘটিকায় উপস্থিত দরপত্র দাতাদের সম্মুখে জেলা পরিষদ কার্যালয়ে (যদি কেহ উপস্থিত থাকেন) দরপত্র বাস্তব খোলা হবে। দরপত্রের সাথে দাখিলকৃত দরের ১০০% অর্থ এবং দাখিলকৃত দরের ৫% আয়কর এবং ৭.৫% ভ্যাট বাবদ অর্থ পৃথক পৃথক বিডি/পে-অর্ডার আকারে যে কোন তফশীলি ব্যাংক হতে " প্রধান নির্বাহী কর্মকর্তা, জেলা পরিষদ, মেহেরপুর " বরাবর সংযুক্ত করে দাখিল করতে হবে। অন্যথায় দরপত্রটি সরাসরি বাতিল বলে গণ্য হবে। কর্তৃপক্ষ কোন কারণ দর্শানো ব্যতিরেকে দরপত্র গ্রহণ অথবা বাতিল করার ক্ষমতা সংরক্ষণ করেন। বিস্তারিত তথ্যাদি অফিস চলাকালীন সময়ে দেখা বা জানা যাবে।


(মোঃ মজিদুর রহমান চৌধুরী)
সহকারী প্রকৌশলী
জেলা পরিষদ, মেহেরপুর।
ফোন নং-০২৪৭৭৭৯২৬০৫
E-mail- meherpurzp@gmail.com

স্মারক নং-জেপ/মেহের/প্রকৌঃ/২০২৪-২৪৭(১০০)

তারিখ : ২৬-১১-২০২৪ খ্রি:।

অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):-

- ০১। বিভাগীয় কমিশনার, খুলনা বিভাগ, খুলনা।
- ০২। জেলা প্রশাসক, মেহেরপুর।
- ০৩। পুলিশ সুপার, মেহেরপুর।
- ০৪। উপপরিচালক, স্থানীয় সরকার, জেলা প্রশাসকের কার্যালয়, মেহেরপুর।
- ০৫। নির্বাহী প্রকৌশলী, স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর, মেহেরপুর।
- ০৬। নির্বাহী প্রকৌশলী, জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর, মেহেরপুর।
- ০৭। উপপরিচালক, সমাজসেবা, মেহেরপুর।
- ০৮। জেলা শিক্ষা অফিসার, মেহেরপুর।
- ০৯। জেলা প্রাথমিক শিক্ষা অফিসার, মেহেরপুর।
- ১০। উপপরিচালক, মহিলা বিষয়ক অধিদপ্তর, মেহেরপুর।
- ১১। জেলা ত্রাণ ও পুনর্বাসন কর্মকর্তা, মেহেরপুর।
- ১২। উপজেলা নির্বাহী অফিসার, মেহেরপুর সদর/গাংনী/মুজিবনগর, মেহেরপুর।
- ১৩। অফিসার ইনচার্জ, মেহেরপুর সদর থানা/গাংনী থানা/ মুজিবনগর থানা, মেহেরপুর।
- ১৪। ভারপ্রাপ্ত বন কর্মকর্তা, সামাজিক বনয়ান, মেহেরপুর।
- ১৫। প্রশাসক, জেলা পরিষদ, মেহেরপুর এর গোপনীয় সহকারী(প্রশাসক মহোদয়ের সদয় অবগতির জন্য)।
- ১৬। প্রধান নির্বাহী কর্মকর্তা, জেলা পরিষদ, মেহেরপুর এর গোপনীয় সহকারী(প্রধান নির্বাহী কর্মকর্তা মহোদয়ের সদয় অবগতির জন্য)।
- ১৭। জনাব/মেসার্স.....।
- ১৮। নোটিশ বোর্ড, জেলা পরিষদ, মেহেরপুর।